**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/9/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# কাউন্টিগুলোকে দেশের অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধের পরিকল্পনা প্রণয়নে সহায়তা করার জন্য নির্দেশনা জারি করা হচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***বাফেলোতে ঘটে যাওয়া হামলার ঘটনার প্রেক্ষিতে, গভর্নর হোকল নির্বাহী আদেশ 18 জারি করে প্রত্যেক কাউন্টি ও নিউ ইয়র্ক সিটির জন্য দেশের অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ, যেমন জাতিগত ও নৃতাত্ত্বিকতা থেকে অনুপ্রাণিত সহিংসতা, মোকাবেলার জন্য পরিকল্পনা প্রণয়ন করা আবশ্যক করেছেন***

***সম্মেলনে স্থানীয় হুমকি মূল্যায়ন ও ব্যবস্থাপনা দল গড়ে তোলার বিষয়ে জোর দেওয়া হয়েছে***

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক জুড়ে কাউন্টিগুলোর জন্য দেশের অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ পরিকল্পনা (Domestic Terrorism Prevention Plans) প্রণয়নে সহায়তা করতে নতুন নির্দেশনা জারি করার ঘোষণা দিয়েছেন, যে পরিকল্পনা প্রণয়ন করতে নির্বাহী আদেশ 18-এর অধীনে প্রতিটি কাউন্টি ও নিউ ইয়র্ক সিটি দায়বদ্ধ রয়েছে। ওরিস্কনিতে স্টেটের জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতির কেন্দ্রে (State Emergency Preparedness Center) স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) এবং এটির অফিস অব কাউন্টার টেররিজম (Office of Counter Terrorism) কর্তৃক আয়োজিত দুই দিন ব্যাপী হুমকি মূল্যায়ন ও ব্যবস্থাপনা সম্মেলনের অংশ হিসেবে আজ ভার্চুয়ালভাবে বক্তব্য রাখার সময় গভর্নর দেশের অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ পরিকল্পনা প্রণয়নের গুরুত্ব নিয়ে আলোচনা করেছেন।

"আমার নিজ শহর বাফেলোতে ঘটে যাওয়া ভয়ঙ্কর অভ্যন্তরীণ সন্ত্রাসী হামলার ঘটনার প্রেক্ষিতে, আমি নিউ ইয়র্কবাসীদের কাছে অঙ্গীকার করেছি যে আমরা অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের ঘটনার এই ব্যাধির মুখোমুখি হয়ে সেটি মোকাবেলা করবো," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্ক স্থানীয় সরকারগুলোকে অভ্যন্তরীণ সন্ত্রাসের ঘটনা ও টার্গেটকৃত সহিংসতার ঘটনা মোকাবেলার জন্য তাদের প্রয়োজনীয় হাতিয়ারগুলো প্রদান করছে, যাতে আমরা কোনো মর্মান্তিক ঘটনা ঘটার আগেই সেটি প্রতিরোধ করতে পারি। আমি কখনোই নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদ রাখার জন্য লড়াই চালিয়ে যাওয়া বন্ধ করবো না।"

DHSES স্থানীয় এলাকাগুলোকে তাদের দেশের অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ পরিকল্পনার

অংশ হিসেবে হুমকি মূল্যায়ন ও ব্যবস্থাপনা (Threat Assessment and Management, TAM) টিম গঠন করতে উৎসাহিত করছে। হুমকি মূল্যায়ন ব্যবস্থাপনা টিম তৈরি ও পরিচালনার কাজে সহায়তা করার জন্য কাউন্টিগুলোকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হবে। এসব টিম আইন প্রয়োগকারী সংস্থার সদস্য, মানসিক স্বাস্থ্য পেশাজীবী, স্কুলের কর্মকর্তা, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের নিয়ে গঠন করা হবে যারা টার্গেটকৃত সহিংসতার হুমকি শনাক্ত, মূল্যায়ন ও প্রশমন করার জন্য কাজ করবেন।

মে মাসে বাফেলো সুপারমার্কেটে শ্বেতাঙ্গ আধিপত্যবাদীদের সন্ত্রাসী হামলার ঘটনার প্রত্যক্ষ প্রতিক্রিয়া হিসেবে গভর্নর হোকল নির্বাহী আদেশ 18 জারি করেন। এই নির্বাহী আদেশ সুনির্দিষ্টভাবে প্রতিনিয়ত সামাজিক যোগাযোগ মাধ্যমের প্ল্যাটফর্মগুলো এবং ইন্টারনেট ফোরামগুলো থেকে অনুপ্রাণিত হওয়া, সেখানে পরিকল্পনা তৈরি হওয়া এবং সে সম্পর্কে পোস্ট করা অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ ও সহিংস চরমপন্থী হামলা বৃদ্ধি পাওয়ার বিষয়টি মোকাবেলার জন্য তৈরি করা হয়েছে।

নির্বাহী আদেশে নিম্নোক্ত আহবান জানানো হয়েছে:

1. DHSES-কে এর অফিস অব কাউন্টার টেররিজমের মধ্যে দেশের অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধের জন্য নিয়োজিত একটি নতুন ইউনিট গঠন করতে হবে।
2. প্রতিটি কাউন্টি ও নিউ ইয়র্ক সিটি অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ, যেমন জাতিগতভাবে বা নৃতাত্ত্বিকতা থেকে অনুপ্রাণিত সহিংস চরমপন্থী হামলা সহ অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের হুমকি মোকাবেলার জন্য একটি পরিকল্পনা প্রণয়ন ও রক্ষণাবেক্ষণ করবে।
3. নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টারের (New York State Intelligence Center, NYSIC) মধ্যে অভ্যন্তরীণ সহিংস চরমপন্থী আচরণ ট্র্যাক করার জন্য একটি নতুন ইউনিট প্রতিষ্ঠা করবে এবং অনলাইনে সহিংস চরমপন্থী আচরণের প্রচারণা থেকে তদন্তের সূত্র পাওয়ার জন্য সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে তদারকি বৃদ্ধি করবে।

দুই-দিনব্যাপী সম্মেলন চলাকালীন সময়ে স্টেটের সন্ত্রাসদমন বিষয়ক বিশেষজ্ঞরা নতুনভাবে ইস্যু করা দেশের অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ প্রতিরোধ পরিকল্পনা সম্পর্কিত নির্দেশনা এবং কাউন্টি পর্যায়ে অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ মোকাবেলার পরিকল্পনা ও TAM টিম তৈরির প্রচেষ্টা এগিয়ে নিতে, স্টেট ও ফেডারেল উভয় পর্যায়ে, স্টেট তহবিল থেকে অনুদান বরাদ্দের সুযোগসমূহ পর্যালোচনা করছেন। এছাড়াও আচরণগত হুমকি মূল্যায়ন বিষয়ে বিশেষজ্ঞ একজন কনসালটেন্ট TAM টিম গঠনের বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন।

**ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "শ্বেতাঙ্গ আধিপত্যবাদ ও গোঁড়ামি থেকে অনুপ্রাণিত অভ্যন্তরীণ সন্ত্রাসবাদ বর্তমানে আমাদের সম্মুখীন হওয়া সন্ত্রাসবাদের এক নম্বর হুমকি। নিউ ইয়র্ক জুড়ে কাউন্টিগুলো যাতে আমাদের সামনে থাকা এই চ্যালেঞ্জ মোকাবেলার জন্য তাদের প্রয়োজনীয় সবকিছু পেতে পারে সে বিষয়টি নিশ্চিত করতে অফিস অব কাউন্টার টেররিজমে আমাদের টিম সার্বক্ষণিকভাবে কাজ করে যাচ্ছে। গভর্নর হোকলের নেতৃত্বের কল্যাণে, নিউ ইয়র্ককে সবার জন্য একটি

অধিকতর নিরাপদ স্থানে পরিণত করতে আমরা একসঙ্গে আমাদের অংশীদারদের সাথে কাজ করে যাচ্ছি।"

অভ্যন্তরীণ সন্ত্রাসী হামলায় সাম্প্রতিক বৃদ্ধি পুরো মার্কিন যুক্তরাষ্ট্রে জন নিরাপত্তার সর্বাধিক জরুরি হুমকিগুলির একটির প্রতিনিধিত্ব করে। গত এক দশকে, অভ্যন্তরীণ সন্ত্রাসী হামলা এবং ঘটনা জাতীয়ভাবে তিন গুণ বৃদ্ধি পেয়েছে। 2021 সালে, 73টি সন্ত্রাসী হামলা ও ঘটনা হয়েছে, যার মধ্যে 38টি শ্বেতাঙ্গ আধিপত্যবাদী এবং একই ধরনের সমমনা সন্ত্রাসী হামলা ও ঘটনা।

**ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে**
হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশন সন্ত্রাসবাদ, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, এগুলি থেকে সুরক্ষা, এর জন্য প্রস্তুতি, সাড়াদান, ও পুনরুদ্ধারের প্রচেষ্টার ক্ষেত্রে নেতৃত্ব, সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য ফেসবুকে (Facebook) আমাদেরকে খুঁজে নিন, টুইটারে (Twitter) বা ইনস্টাগ্রামে (Instagram) আমাদেরকে অনুসরণ করুন, অথবা আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418